দৈনিক
জনকণ্ঠ

তারিখ : 04 SEP 2016
পৃষ্ঠা : ৩ কলাম : ৩

# শহীদ বীরউত্তম লে. আনোয়ার গার্লস কলেজে জঙ্গীবাদ বিরোধী সভা

ঢাকা সেনানিবাসের শহীদ বীরউত্তম লে. আনোয়ার গার্লস কলেজের অডিটরিয়ামে শনিবার সন্ত্রাস ও জঙ্গীবাদবিরোধী সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় কলেজের ছাত্রী প্রতিনিধি, শিক্ষক প্রতিনিধি, ধর্মীয় শিক্ষক, অভিভাবক প্রতিনিধি ও সাংবাদিক প্রতিনিধি হিসেবে শাহনাজ মুন্নী বক্তব্য প্রদান করেন। এতে সভাপতিত্ব ও বক্তব্য প্রদান করেন কলেজের অধ্যক্ষ কর্নেল মোঃ রাশিদুল ইসলাম খান।

এর আগে, সন্ত্রাস ও জঙ্গীবাদ রুখতে দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মতো শহীদ বীরউত্তম লে. আনোয়ার গার্লস কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষগণ, শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীগণ গত ১৩ আগস্ট এক ঘণ্টার মানববন্ধন করেন। এ সময় সবার কণ্ঠে ছিল 'সহিংসতার বিরুদ্ধে নিন্দা'। সভায় কলেজের শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

**বিজ্ঞান মেলা শেষ ॥** শহীদ বীরউত্তম লে. আনোয়ার গার্লস কলেজের বিজ্ঞান মেলা- ২০১৬'র সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান শনিবার কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

১৪ স্বতন্ত্র ইঞ্জিনিয়ার ব্রিগেডের কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম মাহমুদ হাসান প্রধান অতিথি থেকে বিজ্ঞান মেলা-২০১৬ পরিদর্শন করেন এবং পুরস্কার বিতরণ করেন। মেলায় প্রদর্শিত প্রজেক্টগুলো মূলত মেকানিক্যাল, নন- মেকানিক্যাল ও আইটি এই তিনভাগে বিভক্ত ছিল। বিভাগগুলোর সিনিয়র শাখা ও জুনিয়র শাখার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের মাঝে ক্রেস্ট ও সনদপত্র বিতরণ করা হয়। পরে অংশগ্রহণকারী সব স্টলকেই সনদপত্র প্রদান করা হয়।

-আইএসপিআর